দৈনিক বাংলা

তারিখ ... ৪|৪|৮৫ ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৫ ......

21

# যশোরে ভুয়া রেজিস্ট্রেশনধারীদের সমাবেশ

যশোর ব্যুরো ঃ ৩ এপ্রিল। – যশোর শিক্ষাবোর্ডের ভুয়া রেজিস্ট্রেশনধারীদের এসএসসি পরীক্ষায় সুযোগ দেয়ার দাবিতে সোমবার স্থানীয় ঈদগাহ ময়দানে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। শিক্ষক, অভি-ভাবক ও পরীক্ষার্থীরা এর আয়োজন করে।

সমাবেশে বক্তারা বলেন, তাদের দাবি ৩ দিনের মধ্যে মেনে না নিলে হরতাল ঘেরাও অবরোধ-কর্মসূচী দেয়া হবে। এদিকে মঙ্গলবার শিক্ষা বোর্ড ঘেরাও কর্মসূচী দেয়া হয়েছে। যশোর শহরে সোমবার মাইকিং করে এই কর্মসূচী দেয়া হয়।